

যে কোনো কমিউনিটির যে কোনো মহিলাই ওভারিয়ান ক্যান্সার (গর্ভথলির ক্যান্সার) হতে পারে।

অধিকাংশ ক্ষেত্রে 50 থেকে 79 বছর বয়সের মহিলাদের ওভারিয়ান ক্যান্সার হয়ে থাকে। তবে যে কোনো বয়সের মহিলাই তা হতে পারে। আপনার

জানা থাকা দরকার যে, সার্ভিক্যাল স্ক্রিনিং (স্মিয়ার) টেস্টে বা জরায়ুর ক্যান্সার পরীক্ষায় ওভারিয়ান ক্যান্সার ধরা পড়ে না।

ওভারিয়ান ক্যান্সারের লক্ষণগুলো চিনে নিন:

B

is for bloating that doesn't come and go

মানে bloating (পেট ফাঁপা), যা এলে আর যেতে চায় না

E

is for eating difficulty and feeling full more quickly

মানে eating difficulty (খেতে না পারা) এবং তাড়াতাড়ি পেট ভরে গেছে মনে হওয়া

A

is for abdominal and pelvic pain you feel most days

মানে abdominal and pelvic pain (তলপেটে ও শ্রোণীতে ব্যথা), যা চব্বিশ ঘন্টার অধিকাংশ সময়ই থাকে

T

is for toilet changes in urination or bowel habits

মানে toilet change (প্রস্রাব পায়খানার অভ্যাসে পরিবর্তন)।

অনেক মহিলা ওভারিয়ান ক্যান্সারের এই লক্ষণগুলো সম্পর্কে জানেন না। এই লক্ষণগুলো আরও কম মারাত্মক কোনো কিছু কারণে হওয়ার সম্ভাবনাই অনেক বেশী। তবে যদি লক্ষণ দেখা দেওয়ার পর যেতে চায় না বা আপনি চিন্তিত হয়ে পড়েন, তবে আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন বা ওভাকাম (Ovacome) এর সঙ্গে যোগাযোগ করুন।

মনে রাখবেন

আপনার শরীর সম্পর্কে আপনার চেয়ে বেশী আর কেউ জানেন না। আপনার স্বাস্থ্যই সম্পদ। লক্ষণগুলো দেখা দিলে একজন ডাক্তারের পরামর্শ নেওয়া জরুরী।



ওভাকাম (Ovacome) ইউ.কে-র ওভারিয়ান ক্যান্সার সহায়তাকারী একটি জাতীয় দাতব্য সংস্থা। আমাদের লক্ষ্য হলো নিঃসঙ্গতা বা একাকীতা দূর করা, তথ্য প্রদান করা এবং উত্তেজিত যে কোনো কাউকে সাহায্য করা।

**আপনার কোনো প্রশ্ন থাকলে বা ওভারিয়ান ক্যান্সারে প্রভাবিত হয়ে থাকলে দয়া করে আমাদের সাপোর্ট লাইনে ফোন করুন:
0121 647 6631।**

এই নাম্বারে ফোন করার পর একটি বাংলা ভয়েস মেসেজের মাধ্যমে আপনাকে স্বাগত জানানো হবে। তারপর আপনার কাছে জানতে চাওয়া হবে আপনি কি ধরনের সাহায্য চান। তারপর একজন ইন্টারপ্রিটারের মাধ্যমে ওভাকাম জেনে নেবে আমরা কিভাবে সাহায্য ও কি ধরনের সহায়তা প্রদান করতে পারি।

যদি ইংরেজি ভাষায় আমাদের সহায়তাকারী কর্মীদের সঙ্গে কথা বলতে চান, তাহলে 0800 008 7054 নাম্বারে ফোন করুন বা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন যেখানে পাবেন আরো তথ্য ও সহায়তা: www.ovacome.org.uk.

আমরা অনেক ধরনের সেবা প্রদান করি, যেমন:

- 24 ঘন্টাব্যাপী অনলাইন পরামর্শ ফোরাম: healthunlocked.com/ovacome
- সাপোর্ট গ্রুপ: 0800 008 7054
- ওভারিয়ান ক্যান্সার সম্পর্কে বিশ্বাসযোগ্য তথ্য সম্বলিত পুস্তিকা: www.ovacome.org.uk/information

দয়া করে জেনে রাখুন যে, ওভাকাম ইউ.কে ভিত্তিক একটি দাতব্য সংস্থা (চারিটি)। আমরা শুধুমাত্র এন.এইচ.এস এর এবং ইউ.কে ভিত্তিক সেবাসমূহ সম্পর্কে পরামর্শ দিতে পারবো।

ovacome..
ovarian cancer

Funding from:



HM Government

In partnership with

THE NATIONAL LOTTERY
COMMUNITY FUND